গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ

শাল্লা উপজেলা পরিষদের মার্চ-২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি: চৌধুরী আব্দুল্লাহ আল মাহমুদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা

সভার স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভার সময়: সকাল ১১.০০ ঘটিকা

সভার তারিখ: ২৮/০৩/২০২২ খ্রি:

সভায় উপস্থিতি: পরিশিষ্ট-"ক"

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন | সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন থাকলে তা উপস্থাপনের জন্য সভার দৃষ্টি আকর্ষন করা হয়।<br><br>সিদ্ধান্ত: কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| | উপজেলা পরিষদের স্থায়ী কমিটি গুলো সক্রিয় নয় মর্মে পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভাপতি গভীর ক্ষোভ প্রকাশ করেন।<br><br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদের স্থায়ী কমিটিগুলোর সভা নিয়মিত সম্পন্ন করে সভার নোটিশ ও সভার হাজিরাসহ কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সভাপতি/সদস্য সচিব সংশ্লিষ্ট কমিটি |
| | স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা এর পক্ষে প্রতিনিধি জানান যে, ২৮/০৩/২০২২ খ্রি: তারিখ হতে কোভিড ভ্যাকসিনের ২য় ডোজের গণটিকাদান কর্মসূচি পালিত হবে। এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। প্রতিটি কমিনিটি ক্লিনিক এবং এফ,ডব্লিউ, সি কেন্দ্রে ডিজিটাল থার্মোমিটার,পালস অক্সিমিটার ও ডিজিটাল রক্তচাপ নির্ণয় যন্ত্র সরবরাহ করা হয়েছে। হাসপাতালে বহির্বিভাগে ও অন্ত: বিভাগে রোগির সংখ্যা বৃদ্ধি পেয়েছে। একটি আল্ট্রাসনোগ্রাফি মেশিন সরবরাহ করা হয়েছে।<br><br>সিদ্ধান্ত: গণ টিকাদান কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ বিভাগ, শাল্লা |
| | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ: অনুপস্থিত<br><br>সিদ্ধান্ত: সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাল্লা |
| | উপজেলা প্রকৌশলী: উপ-সহকারী প্রকৌশলীর প্রতিনিধি জানান যে, তার বিভাগীয় কার্য্যক্রম ভালভাবে চলছে। তিনি আরো জানান যে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপির দরপত্রের লটারি আগামী ৩১/০৩/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। লটারিতে নির্ধারিত ঠিকাদারের মাধ্যমে টেন্ডারের কাজগুলো বাস্তবায়ন করা হবে।<br><br>সিদ্ধান্ত: লটারিতে নির্ধারিত ঠিকাদারের মাধ্যমে এডিপির কাজগুলো দ্রুত বাস্তবায়নের জন্য সভায় সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এল জি ই ডি, শাল্লা |
| | প্রাণিসম্পদ বিভাগ: প্রাণী সম্পদ সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান যে তাদের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে এবং এফএমডি, বাদলা, তরকা সহ বিভিন্ন রোগের ভ্যাকসিন প্রোগাম চলমান রয়েছে।<br>সিদ্ধান্ত: এফ এমডি, বাদলা, বিভিন্ন তরকা রোগের ভ্যাকসিন আরো গতিশীল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রনিসম্পদ কর্মকর্তা, শাল্লা |

| | | |
|---|---|---|
| | উপজেলা কৃষি বিভাগ: অনুপস্থিত<br><br>সিদ্ধান্ত: সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার, শাল্লা |
| | উপজেলা শিক্ষা অফিস: উপজেলা সহকারী শিক্ষা অফিসার জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের জন্য বদ্ধ পরিকর। তিনি আরো জানান যে ১২ টি বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামত বাবদ ২ লক্ষ করে টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে।<br><br>সিদ্ধান্ত: ১২ টি বিদ্যালয়ের ক্ষুদ্র মেরামতের কাজ আগামী জুন মাসের মধ্যে সম্পন্ন করার জন্য সভায় সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, শাল্লা |
| | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস: একাডেমিক সুপার ভাইজার জানান যে, তাদের বিভাগীয় কার্য্যক্রম ভালভাবে চলছে। তিনি আরো জানান যে, আপাতত কোন সমস্যা নাই।<br><br>সিদ্ধান্ত: মাধ্যমিক বিভাগের কার্য্যক্রম আরো গতিশীল করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা একাডেমিক সুপারভাইজার |
| | উপজেলা মহিলা বিষয়ক অফিস: অনুপস্থিত।<br><br>সিদ্ধান্ত: সাধারণসভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিস, শাল্লা |
| | উপজেলা মৎস্য অফিস: উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে,মাছ উৎপাদনের জন্য অভয়াশ্রমের প্রয়োজন শাল্লা উপজেলার ০৪ টি ইউনিয়নে একটি করে অভয়াশ্রমের প্রয়োজন। মৎস্য অভয়াশ্রম থাকলে মাছের প্রজনন বৃদ্ধি পাবে। তিনটি ইউনিয়নে প্রদর্শনী করার জন্য বরাদ্দ পাওয়া গেছে।<br><br>সিদ্ধান্ত: মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য মৎস্য অভয়াশ্রম স্থাপনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলার কোন কোন জলমহালে/জলাশয়ে মৎস্য অভয়াশ্রম স্থাপন করা যায় এ বিষয়ে প্রতিবেদন দাখিলের জন্য মৎস্য অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য অফিসার, শাল্লা |
| | উপজেলা সমাজসেবা অফিস: উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের অনলাইন প্রক্রিয়ার মাধ্যমে ভাতা প্রদান করা হয়েছে। মুজিব বর্ষ উপলক্ষে জাগরনী সপ্তাহ ৯,০০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। রোগী কল্যান সমিতির মাধ্যমে ২,০০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। উপজেলা সমাজ কল্যান কমিটির কার্য্যবিবরণী সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। প্রাকৃতিক দূর্যোগের ক্ষতি গ্রস্থদের মধ্যে ৬ জনের নাম এবং ভিক্ষুক পূনর্বাসনের জন্য ০৫ জনের নাম জেলা সমাজ কল্যান কমিটির সুপারিশ অনুযায়ী উপজেলা সমাজ কল্যান কমিটির মাধ্যমে প্রেরণের জন্য বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত: প্রাকৃতিক দূর্যোগের ক্ষতি গ্রস্থদের নাম এবং ভিক্ষুকদের নাম এবং অসহায় দুঃস্থ রোগীদের আর্থিক সহায়তা প্রদানের জন্য তালিকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা, অফিসার, শাল্লা |
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টিআর, কাবিখা,কাবিটা এবং ইজিপিপির কার্যক্রম চলমান রয়েছে। ইজিপিপি প্রকল্পের কাজের মেয়াদ ৩১ মার্চ ২০২২ খ্রি. পর্যন্ত থাকায় কর্মসূচির বিল ৩০ দিন দেওয়া যেতে পারে। ইজিপিপির সময় সীমা বৃদ্ধি পেলে বাকী দিন গুলোর বিল প্রদান করা যাবে মর্মে সভাকে অবহিত করেন। সকল কাজ পরিদর্শনের জন্য সভায় সকল সদস্যবৃন্দকে অনুরোধ জানান। টিআর ২য় পর্যায়ের তালিকা বাহাড়া এবং শাল্লা ইউনিয়নকে দ্রুত তালিকা দেওয়ার জন্য অনুরোধ করেন। অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন।<br><br>সিদ্ধান্ত: টিআর, কাবিখা, কাবিটা ও ইজিপিপির বিল মাষ্টাররোল পাওয়া সাপেক্ষে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। টিআর ২য় পর্যায়ের তালিকা দ্রুত অনুমোদনের জন্য জেলায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস, শাল্লা |

| | | |
|---|---|---|
| | উপজেলা খাদ্য বিভাগ: অনুপস্থিত<br><br>সিদ্ধান্ত: সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য অফিসার, শাল্লা |
| | উপজেলা সমবায় বিভাগ: অনুপস্থিত<br><br>সিদ্ধান্ত : সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার,শাল্লা |
| | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: সহকারী প্রকৌশলী সভায় জানান যে,তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। তিনি আরো জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় শাল্লা উপজেলায় ২ টি উৎপাদক নলকূপ, ১ টি ওভারহেড ট্যাংক ও পাম্প হাউজ নির্মাণের জন্য জায়গা প্রয়োজন। উক্ত ট্যাংক থেকে পাইপ লাইনের মাধ্যমে ৩০০ টি পরিবারের মধ্যে পানি সরবরাহ করা হবে।<br><br>সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনা সাপেক্ষে পল্লী ভবন (বিআরডিবি) এর দক্ষিন পূর্ব প্রান্তের খালি জায়গায় স্থাপনের জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| | পল্লী সঞ্চয় ব্যাংক: পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপকের প্রতিনিধি সভায় জানান যে, বাংলাদেশ সরকারের এজেন্ডা বাস্তবায়নের জন্য পিছিয়ে পড়া মানুষকে অর্থনৈতিক ভাবে সাবলম্বী করার জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের মাধ্যম সমিতির সদস্যদের মধ্যে স্বল্প সুদে ঋণ বিতরণ করা হয়।<br><br>সিদ্ধান্ত: ঋণ আদায়ের হার বাড়ানো এবং মোট ঋণ খেলাপির হার কমিয়ে আনার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পল্লী সঞ্চয় ব্যাংক |
| | পল্লী উন্নয়ন বিভাগ: পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,তাদের বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। সমিতি গঠন, সঞ্চয়, আদায়, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। জোড়াবাড়ি মেরামত বাবদ প্রাক্কলন উপজেলা প্রকৌশলীর নিকট হতে প্রাপ্ত হয়েছে। সেই মোতাবেক জোড়াবাড়ির মেরামত কাজ শ্রীঘ্রই শুরু করা হবে।<br><br>সিদ্ধান্ত: উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক জোড়াবাড়ির মেরামত কাজ করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার শাল্লাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পল্লী উন্নয়ন বিভাগ |
| | বিবিধ-১ : উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা, সুনামগঞ্জ জানান যে, আনন্দপুর বাজারটি ১৪২৯ বাংলা সনে ইজারা প্রদানের নিমিত্ত ইজারা বিজ্ঞপ্তি নং-০৫.৪৬.৯০৮৬. ০০০.০৩.০১৩.২২-৫২, তারিখ: ১৫/০২/২০২২ খ্রি. মূলে জারীকৃত বিজ্ঞপ্তি অনুযায়ী ৩য় পর্যায়ে ০৮/০৩/২০২২ খ্রি. তারিখে প্রাপ্ত দরপত্রটি সভায় উপস্থাপন করা হয়। উল্লেখ্য যে, ১ম ও ২য় পর্যায়ে কোন দরপত্র ক্রয় ও দাখিল করা হয়নি। ৩য় পর্যায়ে আনন্দপুর বাজারটি ১৪২৯ বাংলা সনে ইজারা পাওয়ার জন্য জনাব মিহির কান্তি রায়, পিতা-মৃত রবীন্দ্র রায়, সাং-আনন্দপুর, ইউপি-হবিবপুর, উপজেলা-শাল্লা, দরপত্র দাখিল করেন। দরপত্রের তুলনামূলক বিবরণী পর্যালোচনান্তে দেখা যায়, জনাব মিহির কান্তি রায়, পিতা-মৃত রবীন্দ্র রায়, সাং-আনন্দপুর, ইউপি-হবিবপুর, উপজেলা-শাল্লা, আনন্দপুর বাজারটি ১৪২৯ বাংলা সনে ইজারা পাওয়ার জন্য ৫,০০০/- টাকা ইজারামূল্য এবং ৩০% জামানত হিসাবে ১৫০০/- টাকা দাখিল করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে দরপত্র দাতা কর্তৃক দাখিলকৃত মূল্য বাজারটির তুলনায় অত্যন্ত কম প্রদান করা হয়েছে মর্মে আনন্দপুর বাজারটি দরপত্র দাতার অনুকুলে ইজারা প্রদান না করে দরপত্র দাতার ব্যাংক ড্রাফট/পি,ও ফেরত প্রদানের বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন।<br><br>সিদ্ধান্ত: আনন্দপুর বাজারটি ১৪২৯ বাংলা সনে ইজারা প্রদানের নিমিত্ত কাংখিত দর দাখিল না করায় এবং শুধুমাত্র একটি দরপত্র দাখিল হওয়ায় জনাব মিহির কান্তি রায়, পিতা-মৃত রবীন্দ্র রায়, সাং-আনন্দপুর, ইউপি-হবিবপুর, উপজেলা-শাল্লা কর্তৃক দাখিলকৃত দরপত্রটি গ্রহন না করে দরপত্র দাতার ব্যাংক ড্রাফট/পি,ও ফেরত প্রদানের বিষয়ে সভায় সর্ব সম্মত সুপারিশ গৃহীত হয়।<br><br>বিবিধ-২: উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা, সুনামগঞ্জ জানান যে, ঘুঙ্গিয়ারগাঁও বাজার | বাস্তবায়নে উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, শাল্লা |

[signature]

| | | |
|---|---|---|
| | নৌকা ঘাটটি ১৪২৯ বাংলা সনে ইজারা প্রদানের নিমিত্ত বিজ্ঞপ্তি নং-০৫.৪৬.৯০৮৬.০০০.০৩.০১৩.২২-৫৩, তারিখ: ১৫/০২/২০২২ খ্রি. মূলে জারীকৃত বিজ্ঞপ্তি অনুযায়ী ৩য় পর্যায়ে ০৩/০৩/২০২২ খ্রি. তারিখে প্রাপ্ত দরপত্রটি সভায় উপস্থান করা হয়। উল্লেখ্য যে, ১ম ও ২য় পর্যায়ে কোন দরপত্র ক্রয় ও দাখিল করা হয় নি। ঘুঙ্গিয়ারগাঁও বাজার নৌকা ঘাটটি ১৪২৯ বাংলা সনে ইজারা পাওয়ার জন্য ৩য় পর্যায়ে জনাব কাজল চন্দ্র দাস, পিতা-মৃত হরকুমার চন্দ্র দাস, সা-সুখলাইন, ইউপি-বাহাড়া,উপজেলা-শাল্লা দরপত্র দাখিল করেন। দরপত্রের তুলনা মূলক বিবরণী পর্যালোচনান্তে দেখা যায়, জনাব কাজল চন্দ্র দাস, পিতা-মৃত হরকুমার চন্দ্র দাস, সা-সুখলাইন, ইউপি-বাহাড়া,উপজেলা-শাল্লা ঘুঙ্গিয়ারগাঁও বাজার নৌকা ঘাটটি ১৪২৯ বাংলা সনে ইজারা পাওয়ার জন্য ২১০,০০০/- টাকা প্রদান করেন এবং জামানত হিসেবে ৫২,০০০/- টাকা দাখিল করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে দরপত্র দাতা কর্তৃক সরকারি মূল্য ৩,৯৩,০০০/- টাকা অপেক্ষা ১,৮৩,০০০/- টাকা কম মূল্য প্রদান করায় ঘুঙ্গিয়ারগাঁও বাজার নৌকা ঘাটটি দরপত্র দাতার অনুকুলে ইজারা প্রদান না করে দরপত্র দাতার ব্যাংক ড্রাফট/পি,ও ফেরত প্রদানের বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন।<br><br>সিদ্ধান্ত: ঘুঙ্গিয়ারগাঁও বাজার নৌকা ঘাটটি ১৪২৯ বাংলা সনে ইজারা প্রদানের নিমিত্ত ৩য় পর্যায়ে কাংখিত সরকারী ইজারা মূল্যের চেয়ে কম দর দাখিল করায় জনাব কাজল চন্দ্র দাস, পিতা-মৃত হরকুমার চন্দ্র দাস, সা-সুখলাইন, ইউপি-বাহাড়া,উপজেলা-শাল্লা কর্তৃক দাখিলকৃত দরপত্রটি গ্রহণ না করে দরপত্র দাতার ব্যাংক ড্রাফট/পি,ও ফেরত প্রদানের বিষয়ে সভায় সর্ব সম্মত সুপারিশ গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

চৌধুরী আব্দুল্লাহ আল-মাহমুদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ

স্মারক নং: ০৫.৪৬.৯০১১.০০০.৩৩.০০৪.২১- ৮৯(২)

তারিখ: ১৪ চৈত্র ১৪২৮ বাংলা / ২৮ মার্চ ২০২২ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২. মাননীয় সংসদ সদস্য, ২২৫, সুনামগঞ্জ-০২
৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ
৭. অমিতা রানী দাস, মহিলা ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ
৮. দীপু রঞ্জন দাস, ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ
৯. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শাল্লা, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১০. উপজেলা --------------------------- অফিসার, শাল্লা, সুনামগঞ্জ
১১. চেয়ারম্যান....................(সকল) ইউনিয়ন পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ
১২. জনাব --------------------------------- সদস্য

২৮/০৩/২২

মোঃ আবু তালেব
উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা, সুনামগঞ্জ